গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ১৮৬-আইন/২০২৪/৩৮/কাস্টমস।-** সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত ও ধারা ৫ এর অধীন ঘোষিত অর্থনৈতিক অঞ্চলে, ধারা ১১ এ উল্লিখিত শিল্প ইউনিট কর্তৃক আমদানিকৃত যানবাহনের উপর আরোপণীয় উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত সমুদয় কাস্টমস শুল্ক (Customs Duty) হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা:-

**<u>শর্তাবলি</u>**

(১) শিল্প ইউনিটকে কমপক্ষে ৫ (পাঁচ) মিলিয়ন ইউএস ডলার বা সমপরিমাণ অর্থ বিনিয়োগ করিতে হইবে অথবা সংশ্লিষ্ট শিল্প ইউনিটে অন্যূন ২৫০ (দুইশত পঞ্চাশ) জনবল কর্মরত থাকিতে হইবে;

(২) আমদানিকৃত যানবাহনের শুল্ক নিরুপন ও খালাসের সময় অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের অনুমোদন ও তৎসংক্রান্ত প্রত্যয়নপত্র শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;

(৩) অনূর্ধ্ব ২০০০ সিসি ইঞ্জিন ক্ষমতার একটি সেডান কার এবং একটি মাইক্রোবাস/ পিকআপ ভ্যান/ডাবল কেবিন পিকআপ আমদানি করা যাইবে;

(৪) আমদানিকৃত যানবাহন ৫ (পাঁচ) বৎরের মধ্যে হস্তান্তর বা বিক্রয় করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, ৫ (পাঁচ) বৎরের মধ্যে বিক্রয় বা হস্তান্তর ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের ২৫ জুলাই, ২০০০ তারিখের স্থায়ী আদেশ (শুল্ক) No. 100/2000/shulka এর বিধান প্রযোজ্য হইবে;

(৫) অর্থনৈতিক অঞ্চলের কোন শিল্প ইউনিট এই প্রজ্ঞাপনের আওতায় কেবল একবার যানবাহন আমদানি করিতে পারিবে;

(৬) এই প্রজ্ঞাপনের আওতাধীন আমদানিকৃত যানবাহনের নম্বর প্লেটের ক্রমিক নম্বরের পূর্বে ''বেজা'' শব্দটি লিখিতে হইবে;

(৭) এই প্রজ্ঞাপনের আওতাধীন আমদানিকৃত যানবাহন আমদানিকারক শিল্প ইউনিটের উৎপাদন ও সংশ্লিষ্ট কাজ ব্যতিরেকে অন্য কোন কাজে বা কোন বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে না।

২। ১ জুলাই, ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ২১০-আইন/২০১৫/৪৭/কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**